



সারাদেশে জাতীয় হিফযুল কুরআন প্রতিযোগিতা শুরু ১ এপ্রিল



সংগৃহীত ছবি

সারাদেশে শিশু ও কিশোরদের কুরআন মুখস্থকরণে উৎসাহিত করতে ১ এপ্রিল থেকে জাতীয় হিফযুল কুরআন প্রতিযোগিতা শুরু হচ্ছে। ইসলামিক ফাউন্ডেশনের মঙ্গলবার (৩ মার্চ) প্রকাশিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিযোগিতায় অংশ নিতে আগ্রহীরা ৩১ মার্চের মধ্যে দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, জন্মনিবন্ধন বা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জেলা বা উপজেলা কার্যালয়ে জমা দিতে পারবেন। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলা, জেলা বিজয়ীরা বিভাগীয় এবং বিভাগীয় বিজয়ীরা জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নেবেন।

প্রতিযোগিতা তিনটি গ্রুপে হবে। 'ক' গ্রুপে ৩০ পারা হিফয (অনুধর্ষ ১৮), 'খ' গ্রুপে ২০ পারা হিফয (অনুধর্ষ ১৫) এবং 'গ' গ্রুপে ১০ পারা হিফয (অনুধর্ষ ১২) প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। একই শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি গ্রুপে সর্বোচ্চ পাঁচজন অংশ নিতে পারবেন। উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা শুরু হবে ১ এপ্রিল থেকে।

জাতীয় পর্যায়ের বিজয়ীদের জন্য প্রথম পুরস্কার ২ লাখ টাকা, দ্বিতীয় ১.৫ লাখ টাকা এবং তৃতীয় ১ লাখ টাকা। সঙ্গে ফ্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে। তিনটি গ্রুপের নয়জন বিজয়ী মিলিয়ে মোট ১৩.৫ লাখ টাকা বিতরণ করা হবে। বিভাগীয় ও জেলা পর্যায়েও বিভিন্ন পুরস্কার থাকবে।